



সংরক্ষিত নারী আসনের তফসিল ৮ এপ্রিল, ভোট ১২ মে



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের নির্বাচনসূচি আগামী ৮ এপ্রিল ঘোষণা করা হবে। ভোটগ্রহণ নির্ধারণ করা হয়েছে ১২ মে।

নির্বাচন কমিশনের তথ্য অনুযায়ী, আসন বন্টনে বিএনপি জেট পেতে পারে ৩৬টি, জামায়াত নেতৃত্বাধীন জেট ১৩টি এবং স্বতন্ত্র সংসদ সদস্যদের জন্য থাকবে ১টি আসন। তবে স্বতন্ত্ররা কাউকে সমর্থন না দিলে ওই আসনটি ক্ষমতাসীনদের অংশে যোগ হতে পারে।

সোমবার (৬ এপ্রিল) কমিশনের বৈঠক শেষে এসব তথ্য জানান ইসির সিনিয়র সচিব আখতার আহমেদ। তিনি বলেন, জাতীয় সংসদ নির্বাচনের পর এ পর্যন্ত প্রায় ৫০টি মামলা হয়েছে এবং আদালতের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট আসনের নির্বাচনী সামগ্রী সংরক্ষণ করা হবে।

চট্টগ্রাম-২ ও চট্টগ্রাম-৪ আসনের ফলাফল আদালতের নির্দেশে স্থগিত রয়েছে। এ বিষয়ে আদালত যে নির্দেশ দেবে, সে অনুযায়ী ব্যবস্থা নেবে নির্বাচন কমিশন।

ইভিএম ব্যবহারের বিষয়ে তিনি জানান, স্থানীয় সরকার নির্বাচনে আপাতত এই প্রযুক্তি ব্যবহার করা হবে না। বর্তমানে তিনটি আলাদা সংস্থা ইভিএম নিয়ে পর্যালোচনা করছে; তাদের প্রতিবেদন হাতে পাওয়ার পর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

এদিকে, ৯ এপ্রিল শেরপুর-৩ ও বগুড়া-৬ আসনের উপনির্বাচন ঘিরে পরিস্থিতি স্বাভাবিক রয়েছে বলে জানিয়েছে ইসি। এসব এলাকায় জাতীয় নির্বাচনের মতোই নিরাপত্তা নিশ্চিত করার প্রস্তুতি নেওয়া হয়েছে।